

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

www.bb.org.bd

এফই সার্কুলার নং-৪৮

৩০ অগ্রহায়ণ ১৪২৬  
তারিখ : -----  
১৫ ডিসেম্বর ২০১৯

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**রপ্তানিমুখী তৈরী পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা।**

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এফই সার্কুলার নং-৩৫, তারিখ ২২ সেপ্টেম্বর ২০১৯ এর ২ নম্বর অনুচ্ছেদে ক্ষুদ্র ও মাঝারি হোম টেক্সটাইল ও টেরিটাওয়েলসহ রপ্তানিমুখী তৈরী পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি উৎপাদনকারী-রপ্তানিকারক প্রতিষ্ঠানগুলোর অনুকূলে অতিরিক্ত নগদ সহায়তা সুবিধা প্রাপ্যতার বিষয়ে নির্দেশনা জ্ঞাপিত রয়েছে। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী এ মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা পূর্বের ন্যায় তৈরী পোশাক/বস্ত্রজাত সামগ্রী উৎপাদনকারী-রপ্তানিকারক, বস্ত্র উৎপাদনকারী ও সুতা উৎপাদনকারীর মধ্যে যে কোন একপক্ষ প্রাপ্য হবে। তবে এক্ষেত্রে অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রে প্রাপকপক্ষের নাম ও ঠিকানা সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকা সাপেক্ষে প্রচলিত বিকল্প নগদ সহায়তা এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধার প্রাপকপক্ষ ভিন্ন হতে পারবে। উল্লিখিত সুবিধা দু'টির প্রাপকপক্ষ ভিন্ন হলে সুবিধা অনুসারে প্রাপকপক্ষের নাম ও ঠিকানা সংশ্লিষ্ট অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রে উল্লেখ করতে হবে। এক্ষেত্রে পৃথকভাবে আবেদনপত্র দাখিল এবং নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করা যাবে।

২। উপরোক্ত নির্দেশনা ১ জুলাই ২০১৯ তারিখ হতে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে কার্যকরী হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১২৩